

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১১১৬
www.dpe.gov.bd

তারিখ: ১৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.১৯.০০২.২১.৭৬

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও প্রধান শিক্ষকগণের অন্তঃ উপজেলা/থানা (একই উপজেলা/থানার ভিতর) অনলাইন বদলি সংক্রান্ত।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৮.০০.০০০০.০০৮.১৯.০১১.১৬-১২৯, তারিখ: ২৯/০৩/২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ৩০ মার্চ ২০২৪ হতে ১৭ এপ্রিল ২০২৪ পর্যন্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী ও প্রধান শিক্ষকগণের অন্তঃ উপজেলা/থানা (একই উপজেলা/থানার ভিতর) অনলাইন বদলি কার্যক্রম নিম্নলিখিত সময়সূচী ও শর্তসাপেক্ষে চলমান থাকবে।

(ক) ৩০/৩/২০২৪ হতে ০১/৪/২০২৪ তারিখ পর্যন্ত শিক্ষকগণ অনলাইনে আবেদন করবেন;

(খ) ০২/৪/২০২৪ তারিখ প্রধান শিক্ষক কর্তৃক যাচাই সম্পন্নকরণ;

(গ) ০৩/৪/২০২৪ হতে ০৪/৪/২০২৪ তারিখ পর্যন্ত সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক যাচাই সম্পন্নকরণ;

(ঘ) ০৫/৪/২০২৪ হতে ০৭/৪/২০২৪ তারিখ পর্যন্ত উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক যাচাই ও অগ্রায়ন সম্পন্নকরণ;

(ঙ) ০৮/৪/২০২৪ হতে ১৪/৪/২০২৪ তারিখ তারিখ পর্যন্ত জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক সহকারী শিক্ষকের যাচাই ও অনুমোদন এবং প্রধান শিক্ষকের যাচাই ও অগ্রায়ন সম্পন্নকরণ;

(চ) ১৫/৪/২০২৪ হতে ১৭/৪/২০২৪ তারিখ পর্যন্ত বিভাগীয় উপপরিচালক কর্তৃক যাচাই ও অনুমোদন সম্পন্নকরণ।

২। শর্তসমূহ:


ক) শিক্ষকগণ সর্বোচ্চ ৩টি বিদ্যালয় পছন্দের ক্রমানুসারে পছন্দ করবেন। তবে কোন শিক্ষকের একাধিক পছন্দ না থাকলে শুধুমাত্র ০১ বা ০২টি বিদ্যালয় পছন্দ করতে পারবেন। আবেদনের প্রেক্ষিতে বদলির আদেশ জারি হলে তা বাতিল করার জন্য পরবর্তীতে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

খ) যাচাইকারী কর্মকর্তা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে ১০ অক্টোবর ২০২৩ তারিখে জারিকৃত সর্বশেষ “সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা (সংশোধিত) ২০২৩” অনুযায়ী আবেদনকারীর আবেদন ও অন্যান্য কাগজপত্রাদি যাচাই করে অগ্রায়ণ করবেন।

গ) যাচাইকারী কর্মকর্তা সতর্কতার সাথে সংযুক্ত তথ্য ও কাগজপত্রাদি যাচাই করবেন। যাচাইপূর্বক প্রেরণ পরবর্তী তা পুনঃবিবেচনা করার আবেদন গ্রহণযোগ্য হবে না।

৩। উল্লেখ্য আবেদনকারীর পছন্দক্রম অনুযায়ী বদলি হওয়ার নিশ্চয়তা নেই। একাধিক আবেদনকারীর ক্ষেত্রে যোগ্য আবেদনকারীকে সফটওয়্যারের স্বয়ংক্রিয় ব্যবস্থাপনায় নির্বাচিত করা হয় বিধায় কোন রকম হস্তক্ষেপের সুযোগ নেই।

৪। এমতাবস্থায়, উল্লিখিত সময়সূচী ও শর্তসাপেক্ষে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী ও প্রধান শিক্ষকগণের অন্তঃ উপজেলা/থানা অনলাইন বদলির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৯-০৩-২০২৪
মোঃ তৌহিদুল ইসলাম
সহকারী পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, (সকল বিভাগ);

২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) এবং

৩। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।

স্মারক নম্বর:

তারিখ: ১৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইটি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর;
- ৩। সুপারিনটেনডেন্ট, (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই);
- ৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৬। অফিস কপি, ।



২৯-০৩-২০২৪

মোঃ তোহিদুল ইসলাম
সহকারী পরিচালক